



রংপুরে শিক্ষা কর্মকর্তা লাঞ্চিত

রংপুর থেকে জেলা বার্তা পরিবেশক :
শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহসানুল হকের
বৃহস্পতিবারের নকলমুক্ত পরীক্ষা ও শিক্ষার
মান উন্নয়ন শীর্ষক মতবিনিময় সংক্রান্ত
সভায় নিমন্ত্রণপত্র না দেয়ার অভিযোগে
বৃহবার বিএনপি ও অঙ্গ সংগঠনের কয়েক-
জন ক্যাডার উপ-পরিচালক, মাধ্যমিক ও
উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল মোঃ কুদ্দুস
আলীকে তার অফিসকক্ষে গিয়ে লাঞ্চিত
করে। তাকে অকথা ভাষায় গালাগাল করা
হয়েছে বলেও অভিযোগ পাওয়া গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, মন্ত্রীর
আগমন এবং উল্লিখিত কর্মসূচিতে কেন
তাদের নিমন্ত্রণপত্র দেয়া হয়নি, জানতে
চেয়ে কয়েকজন বিএনপি ক্যাডার বৃহবার
তার চেম্বারে গিয়ে কৈফিয়ত চায়। তিনি
জেলা বিএনপি নেতৃবৃন্দসহ সুধীবৃন্দকে
নিমন্ত্রণপত্র দেয়া হয়েছে জানালে তাকে
অকথা ভাষায় গালাগালসহ লাঞ্চিত করা
হয়। এ ঘটনায় ওই অফিসের সকল স্তরের
কর্মকর্তা-কর্মচারীর মধ্যে ক্ষোভের
হয়েছে।